

💵 নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

رفع اليدين হস্ত উত্তোলন প্রসঙ্গ

নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) কোন সময় তাকবীর বলার সাথে হস্ত উত্তোলন করতেন।[1] আবার কখনো বা তাকবীরের পরে[2] আবার কখনো বা তাকবীরের পূর্বে[3] হস্ত উত্তোলন করতেন।

"তিনি অঙ্গুলিসমূহ প্রসারিত অবস্থায় দু'হাত উত্তোলন করতেন। তবে আঙ্গুলসমূহের মাঝে ফাঁক করতেন না এবং একেবারে মিলাতেনও না।[4] হস্তদ্বয়কে স্বীয় কাঁধ বরাবর উঠাতেন।[5] আবার কখনো বা কানের লতি বরাবর উঠাতেন।[6]

ফুটনোট

- [1] বুখারী ও নাসাঈ।
- [2] বুখারী ও নাসাঈ।
- [3] বুখারী ও আবু দাউদ।
- [4] আবু দাউদ, ইবনু খুযাইমাহ (১/৬২/২ ও ৬৪/১) তামামুল মিন্নাহ এবং হাকিম একে ছহীহ বলেছেন ও যাহাবী তাঁর সমর্থন দিয়েছেন।
- [5] বুখারী ও নাসাঈ।
- [6] বুখারী ও আবু দাউদ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8118

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন